সংবাদ

00037

তারিখ ... ২।৬।৮৬ ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ...

# বিশ্ববিদ্যালয় ছাত্রদের জন্যে সোনালী ব্যাংকের আরেকটি কর্মসংস্থান কর্মসূচী

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

সোনালী ব্যাংক বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য আরেকটি কর্মসংস্থানের কর্মসূচী নিয়েছে। গ্রীষ্মকালীন ছুটির অবকাশে সাময়িক কর্মসংস্থান নামের এই কর্মসূচীটি আজ মঙ্গলবার থেকে শুরু হচ্ছে।

এই কর্মসূচীর অধীনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫০৫ জন ছাত্র-ছাত্রী সোনালী ব্যাংকের ঢাকা মহানগরীর বিভিন্ন শাখায় কাজ করবে। বিনিময়ে প্রতি কর্মদিবসে দৈনিক ভিত্তিতে তারা ৫০ টাকা পাবে। ব্যাংকের স্বাভাবিক সময়সূচীর আওতায় তাদেরকে ব্যাংক কর্তৃক অর্পিত দায়িত্ব পালন করতে হবে এবং এই নিয়োগ কেবলমাত্র চলতি গরম ও রোজার ছুটির সময়ের মধ্যে সীমিত থাকবে।

আজ মঙ্গলবার সকাল ৯টায় ব্যাংকের ম্যানেজিং ডিরেক্টর জনাব লুৎফর রহমান সরকারের সভাপতিত্বে ছাত্র শিক্ষক কেন্দ্রে নির্বাচিত প্রার্থীদের উদ্বোধনী সমাবেশ অনুষ্ঠিত হবে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ঢাকা বিশ্ববিদালয়ের উপাচার্য অধ্যাপক মোহাম্মদ শামসুল হক।

জানা গেছে, আগামী মাসে নতুন অর্থবছর শুরুর আগে এ মাসের মধ্যেই ব্যাংকের এবছরের সমস্ত হিসাব নিকাশ সেরে ফেলার কাজে সুবিধার জন্য এই কর্মসূচী নেয়া হয়েছে।